Post Enumeration Check (PEC) Survey is conducted immediately after every census in Bangladesh following UN guidelines 'Principles and Recommendation for Population and Housing Census' to assess the coverage and content error of the census data. The PEC survey is carried out by an independent professional organization, Bangladesh

প্রতিষ্ঠান 'বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস)' কর্তৃক সম্পাদন করা হয়। এ জরিপের আওতায় ৩৭৮টি নির্বাচিত গণনা এলাকা থেকে ১০ থেকে ১৬ অক্টোবর ২০২২ সময়ে তথ্যসংগ্রহ এবং ০৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে রিপোর্ট প্রকাশ করা হয়। পিইসি জরিপের ফলাফল অনুযায়ী জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর Net Coverage Error (NCE) ২.৭৫ শতাংশ, যা বাংলাদেশের শুমারির ইতিহাসে সর্বনিম্ন।

১.১৮ উপাত্ত প্রক্রিয়াকরণ

জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর তথ্যসংগ্রহ CAPI অ্যাপ্লিকেশনের মাধ্যমে সম্পাদন করা হয়। CAPI অ্যাপ্লিকেশন প্রস্তুতের সময় যতটা সম্ভব ভ্যালিডেশন রুলস সংযোজন করা হয় যার ফলে সংগৃহীত তথ্যের গুণগতমান যথেষ্ট ভালো ছিল। তদুপরি গুণগতমান সম্পন্ন তথ্য প্রদানের লক্ষ্যে সংগৃহীত ডাটা ক্লিনিং, এডিটিং ও প্রসেসিং করা হয়। এ কাজ সম্পাদনের জন্য একটি ওয়েব বেইজড অ্যাপ্লিকেশন প্রস্তুত করা হয়, যার মাধ্যমে শুমারির উপাত্তে প্রাপ্ত অসঙ্গতি জেলা ও উপজেলা পর্যায় হতে সরাসরি যাচাইপূর্বক প্রয়োজনীয় সংশোধন করে পুনরায় সার্ভারে প্রেরণ করা হয়। এ কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীগণকে ডাটা এডিটিং বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। উল্লেখ্য, শুমারির উপাত্ত ক্লিনিং, এডিটিং ও প্রসেসিং এর নিমিত্ত একটি নির্দেশিকা প্রস্তুত করা হয়। পরবর্তীতে ফিল্ড অফিস হতে প্রাপ্ত সংশোধিত তথ্যের আলোকে জাতিসংঘের এ সংক্রান্ত গাইডলাইন 'Handbook on Population and Housing Census Editing' অনুসরণ করে ডাটা প্রক্রিয়াকরণ টিম কর্তৃক শুমারির ডাটা প্রয়োজনীয় ক্লিনিং, এডিটিং ও প্রসেসিং করা হয়। অতঃপর উক্ত টিম Oracle Database ও STATA Software ব্যবহার করে শুমারির উপাত্ত প্রক্রিয়াকরণ এবং টেবুলেশন প্ল্যান অনুযায়ী টেবিল প্রস্তুত করেন।

১.১৯ শুমারির রিপোর্ট

সুষ্ঠু ও সফলভাবে শুমারি সম্পাদনের মাত্র এক মাস সময়ের মধ্যে ২৭ জুলাই ২০২২ তারিখে প্রাথমিক রিপোর্ট প্রকাশ করা হয়। পরবর্তীকালে শুমারিতে সংগৃহীত উপাত্ত প্রক্রিয়াকরণ করে বিস্তারিত তথ্য সম্বলিত শুমারির ন্যাশনাল রিপোর্ট (ভলিউম-১) ২৮ নভেম্বর, ২০২৩ তারিখে আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়। এ রিপোর্টে দেশের গণনাকৃত ও সমন্বয়কৃত মোট জনসংখ্যা, পল্লি ও শহরভিত্তিক জনসংখ্যা, লিঙ্গভিত্তিক জনসংখ্যা, জনসংখ্যা বৃদ্ধির হার, জনসংখ্যার ঘনত্ব, লিঙ্গানুপাত, শিশু ও নারী অনুপাত,

Institute of Development Studies (BIDS). Data are collected from a total of 378 selected sample enumeration areas during 10-16 October 2022. The report of the PEC survey, which is conducted independently, is published on 06 February 2023. As per PEC survey findings, the Net Coverage Error (NCE) is found to be 2.75%, which is the lowest ever in the census history of Bangladesh

1.18 Data Processing

Data of the Population and Housing Census 2022 are collected digitally using CAPI Application. As adequate numbers of validation rules are set up in the CAPI application, it is found that the quality of census data is significantly better. Never the less, data cleaning, editing and processing are carried out to produce quality data. A web-based application is developed, through which necessary corrections are made into census data from the field directly at district and upazila level, and send them back to the server. Extensive training is imparted to the concerned personnel on data editing. Moreover, a guideline on editing, cleaning, and processing of census data is prepared. Later on, taking the corrections made at the field as well as the findings noted therein into consideration, the necessary editing, cleaning and processing are accomplished by 'the Data Processing Team', following the United Nations guideline 'Handbook on Population and Housing Census Editing'. Finally, by using the Oracle Database and STATA software, aforementioned team complete the data processing activities, and generate required tables according to tabulation plan of the census.

1.19 Census Report

After the successful completion of the census enumeration, the preliminary report is published in a month on 27 July 2022. Subsequently, after processing the census data, the National Report (Volume-1) containing detailed information is published officially on 28 November 2023. Important information like total enumerated and adjusted population, population by rural and urban, population by sex, population growth rate, population density,

নির্ভরশীলতার অনুপাত, বৈবাহিক অবস্থা, ধর্মভিত্তিক জনসংখ্যা, প্রতিবন্ধিতা, শিক্ষা, কাজের মর্যাদা, মোবাইল ফোন ও ইন্টারনেট ব্যবহার, আর্থিক অন্তর্ভুক্তি, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, নিজ ও বর্তমান বিভাগ, স্বদেশ প্রত্যাবর্তনকারী প্রবাসী এবং বিদেশি, মোট খানার সংখ্যা, খানার প্রকারভেদ, বাসগৃহের কাঠামো ও মালিকানা, খানার সুবিধাদি, প্রবাস আয়, খানার আকার বিষয়ে ইত্যাদি গুরুত্বপূর্ণ উপাত্ত বিভাগ ও জেলাভিত্তিক প্রকাশ করা হয়।

এ শুমারির মোট ১৩৩টি রিপোর্টের মধ্যে ন্যাশনাল রিপোর্ট ৫টি যথা- ন্যাশনাল রিপোর্ট (ভলিউম ১), ইউনিয়ন স্ট্যাটিসটিকস (ভলিউম ২), আরবান এরিয়া রিপোর্ট (ভলিউম ৩), আর্থসামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩ রিপোর্ট (ভলিউম ৪) ও অ্যাডমিনিস্ট্র্যাটিভ রিপোর্ট (ভলিউম ৫)। অবশিষ্ট রিপোর্টগুলোর মধ্যে রয়েছে ৬৪টি জেলা রিপোর্ট ও ৬৪টি কমিউনিটি রিপোর্ট। এছাড়া রয়েছে ২৫টি মনোগ্রাফ ও ৩৫টি ইনফোগ্রাফ।

sex ratio, child-woman ratio, dependency ratio, marital status, population by religion, disability, education, working status, mobile phone and internet use, financial inclusion, ethnicity, home and current division, returned migrant and foreigner, total household, type of household, dwelling structure and ownership, household facilities, foreign remittance, household size etc. are published by division and district in the national report.

The census has a total of 133 reports. Among these, there are five national level reports such as National Report (Volume 1), Union Statistics (Volume 2), Urban Area Report (Volume 3), Socio-economic and Demographic Survey Report 2023 (Volume 4) and Administrative Report (Volume 5). Of the others, there are 64 district reports and 64 community reports. In addition, there are 25 Monographs and 35 Infographs.

অধ্যায় ২
Chapter 2

অধ্যায় ২: ধারণা ও সংজ্ঞা
Chapter 2: Concept and Definition

জনশুমারি ও গৃহগণনা ২০২২ কার্যক্রমে যেসব ধারণা ও সংজ্ঞা ব্যবহার করা হয়েছে তা নিম্নে বর্ণনা করা হলো-

২.১ জনশুমারি ও গৃহগণনা

জাতিসংঘের গাইডলাইন অনুযায়ী 'জনশুমারি হলো একটি সুনির্দিষ্ট সময়ে একটি দেশ বা নির্ধারিত ভূখণ্ডে বসবাসকারী ব্যক্তিবর্গের ক্ষুদ্রতম ভৌগোলিক সীমানাধীন জনমিতিক, অর্থনৈতিক ও সামাজিক তথ্য-উপাত্ত সংগ্রহ, সংকলন, বিশ্লেষণ, পরিবীক্ষণ ও প্রকাশের সুপরিকল্পিত সামগ্রিক প্রক্রিয়া।' এ শুমারির মূলত দু'টি প্রধান অংশ রয়েছে:

(ক) জনশুমারি: জনশুমারির মাধ্যমে নির্দিষ্ট সময়ে একটি দেশের সকল ব্যক্তির জনমিতিক ও আর্থসামাজিক মৌলিক তথ্য-উপাত্ত ক্ষুদ্রতম ভৌগোলিক স্তর (গ্রাম/মহল্লা) পর্যন্ত সংগ্রহ করা হয়।

(খ) গৃহগণনা: গৃহগণনা এমন একটি কার্যক্রম যার মাধ্যমে নির্দিষ্ট সময়ে একটি দেশের সকল আবাসিক গৃহের সংখ্যা, কাঠামোগত বিন্যাস ও বিদ্যমান সুযোগ-সুবিধা সম্পর্কিত মৌলিক তথ্য-উপাত্ত ক্ষুদ্রতম ভৌগোলিক স্তর (গ্রাম/মহল্লা) পর্যন্ত সংগ্রহ করা হয়।

২.২ গণনা পদ্ধতি

জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর তথ্যসংগ্রহে মোডিফাইড ডি-ফ্যাক্টো (Modified De-facto) পদ্ধতি অনুসরণ করা হয়েছে। এ পদ্ধতিতে খানার সদস্যগণকে শুমারি মুহূর্তে খানায় গণনার পাশাপাশি কর্তব্যরত ও ভ্রমণরত সদস্যকেও তাদের নিজ নিজ খানায় গণনাভুক্ত করা হয়।

২.৩ শুমারি মুহূর্ত

শুমারি শুরুর শূন্য মুহূর্ত-কে 'শুমারি মুহূর্ত' বলা হয়। জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর 'শুমারি মুহূর্ত' হলো ১৪ জুন ২০২২ এর দিবাগত রাত ১২:০০ (শূন্য মুহূর্ত '১৫ জুন')।

২.৪ শুমারি রাত

শুমারি মুহূর্ত হতে শুরু করে ভোর ৬:০০ টা পর্যন্ত সময় হলো 'শুমারি রাত'। সে অনুযায়ী ১৪ জুন ২০২২ দিবাগত রাত ১২:০০ টা (শূন্য মুহূর্ত ১৫ জুন) হতে ভোর ৬:০০ টা পর্যন্ত সময়কে 'শুমারি রাত' হিসেবে গণ্য করা হয়।

In this chapter, the concepts and definitions used in Population and Housing Census 2022 are described, and these are as follows-

2.1 Population and Housing Census

According to the United Nations Guidelines, 'A Population Census is the total process of planning, collecting, compiling, evaluating, disseminating and analysing demographic, economic and social data at the smallest geographic level pertaining, at a specified time, to all persons in a country or in a well-delimited part of a country.' There are two main parts of the Population and Housing Census as elaborated below:

(a) Population Census: The Population Census collects demographic and socio-economic basic data of all persons of a country at a specified time down to the smallest geographical level (village/mahalla).

(b) Housing Census: The Housing Census collects the basic data related to the number of all dwelling houses, structural conditions, and facilities available in the dwelling houses in a country at a specified time down to the smallest geographical level (village/mahalla).

2.2 Enumeration Method

The Population and Housing Census 2022 has been conducted as per 'modified defacto' method. In this method, alongside enumerating the household members at their location at the census moment, persons on duty and traveling at the census moment are enumerated in their respective usual households.

2.3 Census Moment

The moment at 12:00 a.m. on 14th June 2022 (00:00 hour of 15th June) is considered as the 'Census Moment' of the Population and Housing Census 2022.

2.4 Census Night

The period from the census moment to 6:00 a.m. is considered as 'Census Night'. Hence, the period from 12:00 a.m. on 14th June 2022 (00:00 hour of 15th June) to 6:00 a.m. is considered as 'Census Night'.

২.৫ শুমারিকাল

'শুমারি মুহূর্ত' হতে শুরু করে ২১ জুন ২০২২ পর্যন্ত ০৭ (সাত) দিন 'শুমারি কাল' বা 'শুমারি সপ্তাহ' হিসেবে গণ্য করা হয়।

২.৬ পল্লি এলাকা

সিটি কর্পোরেশন, পৌরসভা, উপজেলা হেডকোয়ার্টার্স (পৌরসভা হিসেবে ঘোষিত নয়) ও তৎসংশ্লিষ্ট মৌজা, ক্যান্টনমেন্ট, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক তালিকাভুক্ত গ্রোথ সেন্টার ও তৎসংশ্লিষ্ট মৌজা বহির্ভূত এলাকাকে পল্লি হিসেবে গণ্য করা হয়।

২.৭ শহর এলাকা

পাঁচ ধরনের এলাকা যথাক্রমে সিটি কর্পোরেশন, পৌরসভা, উপজেলা হেডকোয়ার্টার্স (পৌরসভা হিসেবে ঘোষিত নয়) ও তৎসংশ্লিষ্ট মৌজা, ক্যান্টনমেন্ট, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক তালিকাভুক্ত গ্রোথ সেন্টার ও তৎসংশ্লিষ্ট মৌজাকে শহর এলাকা হিসেবে গণ্য করা হয়।

২.৮ খানা ও খানার সদস্য

এক বা একাধিক ব্যক্তি যারা এক পাকে ও একত্রে খাবার গ্রহণ এবং একসাথে বসবাস করেন তাদের সমন্বয়ে একটি খানা গঠিত হয়। খানায় পরিবারের সদস্যদের পাশাপাশি অন্যান্য আত্মীয় বা অনাত্মীয় সদস্যও থাকতে পারে। তবে পরিবারের সদস্য হওয়া সত্ত্বেও এক পাকে ও একত্রে খাবার না খেলে বা অন্যত্র বসবাস করলে, তিনি খানার সদস্য হিসেবে গণ্য হবেন না।

শুমারি রাতে (১৪ জুন ২০২২ দিবাগত রাত ১২:০০ টা (শূন্য মুহূর্ত ১৫ জুন) হতে ভোর ৬:০০ টা পর্যন্ত) যারা এক পাকে খেয়েছেন এবং একই ছাদের নিচে কিংবা বাড়িতে বসবাস করেছেন তাদেরকে ঐ খানার সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হয়। পরিবারের সদস্য যারা একত্রে বসবাস করেন এবং খাওয়া-দাওয়া করেন কিন্তু শুমারি রাতে ভ্রমণে ছিলেন কিংবা আবাসিক হোটেল/রেস্ট হাউজে অবস্থান করেছেন কিংবা গভীর সমুদ্রে মাছ ধরতে গেছেন অথবা সাময়িকভাবে (৬ মাসের কম সময়ের জন্য) দেশের বাইরে ছিলেন অথবা কর্মক্ষেত্রে দায়িত্বরত ছিলেন যেমন: শুমারিকর্মী, হাসপাতালের রোগী ও অ্যাটেন্ডেন্ট, নৈশপ্রহরী প্রমুখ ব্যক্তিবর্গকেও স্ব-স্ব খানায় গণনা করা হয়।

2.5 Census Period

The period of 7 (seven) days from the census moment to 21 June 2022 is considered as Census Period as well as 'Census Week'.

2.6 Rural Area

The areas, outside the City Corporations, Paurashavas, Upazila Headquarters (not declared as Paurashava) including the entire areas of that mauza, Cantonment areas, and the entire mauza of the enlisted Growth Centres of Local Government Divisions are treated as the Rural Areas.

2.7 Urban Area

The five types of areas; the areas within the jurisdictions of City Corporations, Paurashavas, Upazila Headquarters (not declared as Paurashava) including the entire areas of that mauza, Cantonment areas, and the entire mauza of the enlisted Growth Centres of Local Government Division are treated as the Urban Areas.

2.8 Household and Household Members

A household consists of one or more persons who eat from the same pot and live together. Along with family members, any relative or unrelated person can be household member. On the other hand, any family member or relative who does not eat and live together will not be considered as household member.

The persons who ate from the same kitchen and lived together on the census night [from 12:00 a.m. on 14 June (00:00 hour on 15 June) to 6:00 a.m. on 15 June 2022] under the same roof or house are included as the members of that household. However, members who usually took food and lived together, but were on travelling or staying in residential hotels or rest houses or went to deep-sea for fishing, or temporarily (less than six months) staying abroad or on duty (e.g., census personnel, hospital patients, and attendants, night guards, etc.) on the census night are counted in their usual households.

(ক) সাধারণ খানা: সাধারণ খানা হলো যেখানে একজন ব্যক্তি বা দম্পতি তাদের পুত্র-কন্যা ও পরিবারের অন্যান্য সদস্যসহ একত্রে বসবাস করেন এবং একই পাকের খাবার গ্রহণ করেন। খানার সদস্য যারা আবাসিক হোটেল/রেস্ট হাউজ অথবা গভীর সমুদ্রে মাছ ধরতে গেছেন অথবা ছয় মাসের কম সময়ের জন্য দেশের বাইরে অবস্থান করছেন অথবা শুমারি রাতে কর্তব্যরত ছিলেন যেমন: শুমারিকর্মী, হাসপাতালের রোগী ও রোগীর অ্যাটেন্ডেন্ট, নাইট গার্ড ইত্যাদি ব্যক্তিগণকে শুমারিতে স্ব-স্ব সাধারণ খানায় গণনাভুক্ত করা হয়।

(খ) প্রাতিষ্ঠানিক খানা: আত্মীয়তার সম্পর্কহীন একদল ব্যক্তি যদি প্রাতিষ্ঠানিকভাবে একত্রে বসবাস করে এবং একত্রে খাদ্য গ্রহণ করে তখন তাকে প্রাতিষ্ঠানিক খানা বলে। শুমারিতে জেলখানা, এতিমখানা, হাসপাতাল, ক্লিনিক, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রাবাস/হোস্টেল/হল, কর্মজীবী হোস্টেল, মাদ্রাসা (আবাসিক), সেনা ছাউনি বা ব্যারাক, পুলিশ লাইনস, বিজিবি ক্যাম্প ইত্যাদি প্রতিষ্ঠানে একত্রে বসবাসকারীদের প্রাতিষ্ঠানিক খানায় গণনা করা হয়।

(গ) অন্যান্য খানা: সাধারণ ও প্রাতিষ্ঠানিক খানা ব্যতীত সকল খানাকে অন্যান্য খানা হিসেবে গণ্য করা হয়। মেস, দোকান, অফিস, মসজিদ, মন্দির, গির্জা, প্যাগোডা ইত্যাদিতে বসবাসরত ব্যক্তিবর্গকে অন্যান্য খানায় গণনা করা হয়। পরিবার থেকে পৃথকভাবে বসবাসকারী হিজড়া জনগোষ্ঠীর সমন্বয়ে গঠিত খানাও অন্যান্য খানা হিসেবে গণনা করা হয়।

২.৯ বস্তি ও বস্তি খানা

পৌর এলাকায় সরকারি জমি, খাস জমি, রেল লাইনের ধারে, রাস্তার পাশে, বাঁধের পাশে অথবা বেসরকারি জায়গায় অপরিকল্পিতভাবে সাধারণত অতি নিম্নমানের ঘর যথা- ঝুপড়ি, টং, টিনশেড, আধাপাকা, পাকা নড়বড়ে অবকাঠামো, জরাজীর্ণ দালান ইত্যাদি এবং সাধারণত অস্বাস্থ্যকর পরিবেশে গড়ে উঠা পাঁচ বা ততোধিক খানার সমষ্টিকে বস্তি হিসেবে গণ্য করা হয়েছে। বর্ণিত এলাকায় অবস্থিত খানাগুলোকে বস্তিখানা হিসেবে বিবেচনা করা হয়েছে। বস্তি খানা নির্ধারণের ক্ষেত্রে নিম্নবর্ণিত পাঁচটি বৈশিষ্ট্য বিবেচনায় নেয়া হয়েছে-

ক. উন্নত পানির উৎসের অভাব

খ. উন্নত স্যানিটেশন সুবিধার অভাব

গ. বসবাসের জন্য পর্যাপ্ত জায়গার অভাব

ঘ. টেকসই বসতঘরের অভাব এবং

ঙ. জমির মালিকানা/অধিকার নেই

(a) General Household: A general household is composed of a person or a couple with or without children and other members are living together and taking food from the same kitchen. Household members who were on travel or stayed in residential hotel/rest house or went to deep sea for fishing or temporarily (less than 6 months) stayed abroad or on duty such as census personnel, hospital patients and attendants, night guards, etc., on the census night are enumerated in general household.

(b) Institutional Household: A group of unrelated persons who live in an institution and take their meals from a common kitchen is defined as an Institutional household. Persons living in prisons, orphanages, hospitals, clinics, hostel/residential halls of educational institutions, hostels for working people, madrasha (residential), army camps or barracks, police lines, BGB camps, etc. are enumerated in institutional households.

(c) Other Household: The Households, except general households and institutional households, are termed as the other household together. People living in messes, shops, offices, mosques, temples, churches, pagodas, etc. are enumerated under the other household category. Hijra population, separated from their own families and living together, are also enumerated under the other households.

2.9 Slum and Slum Household

A cluster of five or more households in urban areas on government land/demesne, beside rail lines, roadsides, embankments, or private land and generally in unhygienic and unplanned conditions with very poor-quality housing structures such as huts, tongs, tin sheds, *semi-pucca*, rickety structures, dilapidated buildings, etc. has been considered as a slum. Households in slum areas are treated as slum households. The five characteristics of slum households are considered as follows-

a. Lack of access to improved water sources
b. Lack of access to improved sanitation facilities
c. Lack of sufficient living space
d. Lack of housing durability and
e. Lack of security of tenure

২.১০ ভাসমান/ছিন্নমূল জনগোষ্ঠী

সাধারণত যাদের বসবাসের জন্য ঘর-বাড়ি নেই এবং যারা রেলস্টেশন, বাসস্ট্যান্ড, মাজার, ফুটপাত, বাজার, সিঁড়ি/ফুট-ওভারব্রিজের নিচে, লঞ্চ টার্মিনাল/ফেরিঘাট, মার্কেটের বারান্দা ইত্যাদি স্থানে অস্থায়ীভাবে রাত্রিযাপন করে তাদেরকে ভাসমান/ছিন্নমূল জনগোষ্ঠী হিসেবে গণনা করা হয়। শুমারি রাতে দেশের ভাসমান/ছিন্নমূল জনগোষ্ঠীকে গণনায় অন্তর্ভুক্ত করা হয়। উল্লেখ্য, যারা জীবিকা বা অন্য কোনো প্রয়োজনে শুমারি রাতে রাস্তায় বা বাজারে অবস্থান করেছেন কিন্তু তাদের কোথাও না কোথাও বাসস্থান রয়েছে তাদেরকে ভাসমান/ছিন্নমূল জনগোষ্ঠী হিসেবে গণনাভুক্ত করা হয়নি।

২.১১ বাসগৃহ

একটি ছাদ বা ছাউনি বা চালের নিচে এক বা একাধিক কক্ষ নিয়ে গঠিত কাঠামো (Structure)-কে একটি গৃহ হিসেবে বিবেচনা করা হয়। গৃহ এক তলাবিশিষ্ট হতে পারে, আবার বহুতলবিশিষ্টও হতে পারে। কোনো খানা এক বা একাধিক গৃহে বসবাস করতে পারে; আবার এক বা একাধিক খানা একটি গৃহেও বসবাস করতে পারে। বসবাসের জন্য যে কয়টি গৃহ বা কাঠামো ব্যবহার হয় তা সংশ্লিষ্ট খানার গৃহের সংখ্যা হিসেবে গণনায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

২.১২ বসতঘরের প্রকার

এবারের শুমারিতে খানার প্রধান বসতঘরের মেঝে, দেয়াল ও ছাদ/ছাউনির উপকরণ সংক্রান্ত উপাত্ত পৃথকভাবে সংগ্রহ করা হয়। উল্লেখ্য, পূর্ববর্তী শুমারির সাথে এ শুমারির একটি তুলনামূলক বিশ্লেষণের জন্য বসতঘরের প্রকারভেদ সংক্রান্ত উপাত্ত পাকা, সেমিপাকা, কাঁচা ও ঝুপড়ি এই চার শ্রেণিতে বিভাজনপূর্বক উপস্থাপন করা হয়েছে।

(ক) পাকা: বসতঘরের মেঝে- সিমেন্ট/কংক্রিট/ইট/ পোড়ামাটি, বা টাইলস/মোজাইক, দেয়াল- সিমেন্ট/কংক্রিট/ ইট/পোড়ামাটি বা সিরামিক টাইলস এবং ছাদ- সিমেন্ট/ কংক্রিট/টালি দ্বারা নির্মিত হলে বসতঘরটি পাকা হিসেবে বিবেচনা করা হয়।

2.10 Floating Population

The homeless people who usually spent night in various places such as railway stations, bus terminals, shrines, footpaths, under stairs/foot-overbridges, launch terminals/ ferries, market balconies, etc. are considered as Floating Population. Floating Population are counted on the census night. The people who stayed on the street or at market for their livelihoods or other purposes on the census night, but have dwellings elsewhere are not considered as floating population.

2.11 Dwelling Unit

A structure consisting of one or more rooms under the same roof is defined as dwelling units. It may be single-storied or multi-storied. A household may have one or more dwelling units; On the other hand, one or more households may live in a dwelling unit. The housing units or structures, which are used for residence, are counted as dwelling units of the respective household.

2.12 Type of Dwelling Unit

In the census, data on floor, wall and roof materials of the main dwelling structure are collected separately. But for the purpose of comparative analysis with the previous cenuses, figures are derived, and presented by four categories: *Pucca*, *Semi-pucca*, *Kancha* and *Jhupri*.

(a) *Pucca*: A structure is defined as a *Pucca* if its floor is made of cement/concrete/ brick/terracotta or tiles/mosaic, wall- cement/ concrete/brick/ terracotta or ceramic tiles and roof- cement/ concrete/tile.

(খ) সেমিপাকা: বসতঘরের মেঝের উপকরণ সিমেন্ট/কংক্রিট/ইট/পোড়ামাটি, বা টাইলস/মোজাইক, দেয়ালের উপকরণ সিমেন্ট/কংক্রিট/ইট/পোড়ামাটি বা সিরামিক টাইলস এবং ছাদের উপকরণ সিমেন্ট/কংক্রিট/টালি ব্যতীত অন্য যেকোনো নির্মাণ সামগ্রী দিয়ে তৈরি হলে বসতঘরটি সেমিপাকা হিসেবে গণ্য করা হয়েছে।

(গ) কাঁচা: যেসব বাসগৃহের মেঝে- মাটি, কাঠ কিংবা এ জাতীয় উপকরণ এবং ছাদ- মূলত বাঁশ/গোলপাতা/ তালপাতা/ছন/খড় দিয়ে তৈরি তাকে কাঁচা ঘর হিসেবে গণ্য করা হয়েছে। উল্লেখ্য, বসতঘরের মেঝে ইট/সিমেন্ট/কংক্রিট, টেরাকোটা বা পোড়ামাটি দ্বারা তৈরি হলেও দেয়াল বা ছাদের উপকরণ হিসেবে যদি ইট/সিমেন্ট/কংক্রিট/টেরাকোটা ভিন্ন অন্য কোনো নির্মাণ সামগ্রী ব্যবহার করা হলে সেই গৃহকে কাঁচা হিসেবে গণ্য করা হয়েছে।

(ঘ) ঝুপড়ি: বাসগৃহের মেঝে- মাটি বা কাঠ/বাঁশ/গাছের গুঁড়ি ইত্যাদি এবং দেয়াল ও ছাউনি- খড়/বাঁশ/ছন/ গোলপাতা/ তালপাতা/ পলিথিন, ইত্যাদি দিয়ে তৈরি হলে তাকে ঝুপড়িঘর হিসেবে গণ্য করা হয়েছে।

২.১৩ বাসগৃহের মালিকানা

নিম্নোক্ত পাঁচটি ক্যাটাগরিতে বাসগৃহের মালিকানা সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হয়েছে:

(ক) নিজস্ব: খানাপ্রধান বা খানার কোনো সদস্যের ক্রয়কৃত বা উত্তরাধিকারসূত্রে অথবা আইনগতভাবে প্রাপ্ত বাসগৃহকে 'নিজস্ব' হিসেবে গণ্য করা হয়েছে।

(খ) ভাড়া - কিন্তু অন্য স্থানে নিজস্ব বাসগৃহ আছে: আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক চুক্তির মাধ্যমে ভাড়ার ভিত্তিতে খানার সদস্যদের বসবাসকৃত বাসগৃহ কিন্তু অন্যত্র নিজস্ব মালিকানাধীন বাসগৃহ রয়েছে।

(গ) ভাড়া এবং অন্য কোথাও নিজস্ব বাসগৃহ নেই: আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক চুক্তির মাধ্যমে ভাড়ার ভিত্তিতে খানার সদস্যদের বসবাসকৃত বাসগৃহ এবং অন্যত্র নিজস্ব মালিকানাধীন বাসগৃহ নেই।

(b) *Semi-pucca*: A structure is defined as a *Semi-pucca* if its floor is made of cement/concrete/brick/terracotta or tiles/mosaic, wall- cement/concrete/brick/terracotta or ceramic tiles and roof- any other material except cement/concrete/tile.

(c) *Kancha*: A structure is defined as *Kancha* if its floor is made of soil or wood or any other metarial except brick/cement/concrete and roof is made of bamboo/golpata/palm leaves/chhan/ straw etc. is defined as *Kancha* structure. Nevertheless, if the floor is made of cement/concrete/brick/terracotta etc., but the wall and roof are made of any other material except cement/concrete/ brick/terracotta.

(d) *Jhupri*: A structure is defined as a *Jhupri* if its floor is made of soil or wood/bamboo/trunk etc. and the wall & roof are made of straw/ bamboo/chhan/golpata/palm leaves/polythene etc.

2.13 Ownership Status of Dwelling Unit

The data on ownership status is collected in the following five categories:

(a) Own dwelling unit: A dwelling unit occupied by a household which is purchased or inherited or legally owned.

(b) Rented, but having own dwelling unit elsewhere: A dwelling unit which is occupied by a household on a rental basis under a formal or informal agreement as well as having own dwelling unit elsewhere.

(c) Rented and having no own dwelling unit elsewhere: A dwelling unit which is occupied by a household on a rental basis under a formal or informal agreement and doesn't have own dwelling unit elsewhere.

(ঘ) বিনা ভাড়া - কিন্তু অন্য স্থানে নিজস্ব বাসগৃহ আছে: খানাটির বর্তমান বাসগৃহ বিনা ভাড়ায় কিন্তু অন্যত্র ক্রয়কৃত অথবা উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত নিজস্ব বাসগৃহ রয়েছে।

(ঙ) বিনা ভাড়া এবং অন্য কোথাও নিজস্ব বাসগৃহ নেই: খানাটির বর্তমান বাসগৃহ বিনা ভাড়ায় এবং অন্যত্র ক্রয়কৃত অথবা উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত নিজস্ব কোনো বাসগৃহ নেই।

২.১৪ খানাপ্রধান

খানাপ্রধান হলেন খানার মুখ্য বা প্রধান সদস্য। সাধারণত যার সিদ্ধান্তে খানা পরিচালিত হয় এবং খানার অন্য সদস্যগণ যাকে খানাপ্রধান মনে করেন তিনিই খানাপ্রধান হিসেবে বিবেচিত হন। খানাপ্রধান হওয়ার জন্য উপার্জনকারী অথবা বয়োজ্যেষ্ঠ সদস্য হতে হবে, এরকম কোনো বাধ্যবাধকতা নেই।

২.১৫ লিঙ্গানুপাত

লিঙ্গানুপাত বলতে নির্দিষ্ট জনসংখ্যার মধ্যে নারীর বিপরীতে পুরুষের অনুপাত অর্থাৎ প্রতি ১০০ জন নারীর বিপরীতে পুরুষের সংখ্যা বোঝানো হয়।

২.১৬ নির্ভরশীলতার অনুপাত

নির্ভরশীলতার অনুপাত বলতে ১৫-৬৪ বছর বয়সী জনসংখ্যার বিপরীতে ০-১৪ বছর এবং ৬৫ ও তদূর্ধ্ব বয়সী জনসংখ্যার সমষ্টির অনুপাত শতকরা হারে প্রকাশ করাকে বোঝায়।

২.১৭ শিশু-নারী অনুপাত

শিশু-নারী অনুপাত বলতে সন্তান ধারণে সক্ষম অর্থাৎ ১৫-৪৯ বছর বয়সী নারীর বিপরীতে ০-৪ বছর বয়সী শিশুর সংখ্যার অনুপাত বোঝানো হয়। এটি সাধারণত প্রতি ১০০০ জন নারীর বিপরীতে প্রকাশ করা হয়ে থাকে।

২.১৮ সাক্ষরতা

যে কোনো একটি ভাষায় পড়তে ও লিখতে পারে এমন ব্যক্তিকে সাক্ষর-জ্ঞানসম্পন্ন হিসেবে গণ্য করা হয়েছে।

২.১৯ প্রতিবন্ধিতা

প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ অনুযায়ী, মোট ১০ (দশ) ধরনের প্রতিবন্ধিতার তথ্য সংগ্রহ করা হয়েছে: অটিজম, শারীরিক, মানসিক, দৃষ্টি, বাক, বুদ্ধি, শ্রবণ, সেরিব্রাল পালসি,

(d) Rent-free, but have own dwelling unit elsewhere: A dwelling unit which is occupied by a household without paying any rent, but has own dwelling unit elsewhere, which is purchased or inherited or legally owned by any means.

(e) Rent-free, and having no own dwelling unit elsewhere: A dwelling unit that is occupied by a household without paying any rent, and doesn't have own dwelling unit elsewhere.

2.14 Household Head

The chief or principal member of the household, who takes the major decisions and is treated as the head of the household by other members, is considered as the Household Head. It is not essential that a household head must be an earner or a senior member of the household.

2.15 Sex Ratio

The ratio of males to females in a given population usually expressed as the number of males per 100 females.

2.16 Dependency Ratio

Dependency ratio is defined as the ratio of sum of population aged 0-14 years and 65+ years to the population aged 15-64 years expressed as percentage.

2.17 Child-Woman Ratio

The ratio of children aged 0-4 years to the woman of child-bearing age 15-49 years. This is commonly expressed in per 1000 women.

2.18 Literacy

A person who can read and write at least in one language is treated as literate.

2.19 Disability

According to the Persons with Disabilities Rights and Protection Act, 2013, 10 (Ten) types of disabilities such as autism, physical, mental, visual, speech, intellectual, hearing, cerebral palsy, down syndrome,

ডাউন সিনড্রোম ও অন্যান্য প্রতিবন্ধিতা। পরবর্তীকালে সংগৃহীত উপাত্ত বিশ্লেষণ করে একাধিক বিকল্প উত্তরের ভিত্তিতে আরও দুই ধরনের প্রতিবন্ধিতা (শ্রবণ-দৃষ্টি ও বহুমাত্রিক) নির্ণয় করা হয়েছে।

২.২০ বিদেশি

বাংলাদেশ ব্যতীত অন্য কোনো দেশের নাগরিক যিনি শুমারিকালে এ দেশে অবস্থান করছিলেন।

২.২১ স্বদেশ প্রত্যাবর্তনকারী প্রবাসী

খানার সাধারণ সদস্য যারা শুমারিকালের পূর্ববর্তী ২ (দুই) বছরের মধ্যে স্থায়ীভাবে দেশে ফেরত এসেছেন।

২.২২ কাজের মর্যাদা

(ক) কাজে নিয়োজিত: শুমারিকালে খানার পাঁচ বছর ও তদূর্ধ্ব বয়সী সদস্য যারা বেতন বা মজুরির বিনিময়ে কোনো খানা/প্রতিষ্ঠানে কাজ করে অথবা নিজস্ব জমি বা ব্যবসা প্রতিষ্ঠানে কোনো কিছু উৎপাদন, বিক্রয় বা সেবা প্রদানে নিয়োজিত, তাদেরকে কাজে নিয়োজিত হিসেবে গণ্য করা হয়েছে। উক্ত কাজে সাময়িকভাবে অনুপস্থিত ব্যক্তিদেরকেও কাজে নিয়োজিত হিসেবে বিবেচনা করা হয়েছে। যেসকল শিক্ষার্থী পড়াশোনার পাশাপাশি টিউশন করেছে তাদেরকেও কাজে নিয়োজিত হিসেবে গণনায় অন্তর্ভুক্ত করা হয়েছে। গৃহস্থালি কাজের পাশাপাশি উৎপাদনশীল অর্থনৈতিক কোনো কাজ কিংবা পারিবারিক উৎপাদনশীল কাজে সাহায্যকারী হিসেবে কাজ করেন, তাকেও কাজে নিয়োজিত হিসেবে বিবেচনা করা হয়েছে। এছাড়া খানায় বসবাসরত এবং মজুরির বিনিময়ে নিয়োজিত গৃহকর্মীও কাজে নিয়োজিত হিসেবে বিবেচিত হয়েছে।

(খ) গৃহস্থালি কাজ/গৃহকর্ম: শুমারিকালে নিজ বাড়িতে রান্না-বান্না কিংবা গৃহের অন্যান্য প্রয়োজনীয় কাজে নিয়োজিত খানা সদস্যদের কাজের মর্যাদা গৃহস্থালি কাজ/গৃহকর্ম হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে।

(গ) কাজ খুঁজছে: যোগ্যতা ও সামর্থ্য থাকা সত্ত্বেও শুমারিকালে যারা কাজে নিয়োজিত ছিলেন না কিন্তু কাজের খোঁজ করছিলেন এবং কাজ পেলে করার ইচ্ছা পোষণ করেছেন।

(ঘ) কাজ করেন না: শুমারিকালে যারা কোনো ধরনের কাজে নিয়োজিত ছিলেন না বা কাজ করতে অক্ষম (যেমন: শিশু, বৃদ্ধ) কিংবা সক্ষমতা থাকা সত্ত্বেও কোনো কাজ করতে আগ্রহী ছিলেন না।

and other disabilities are taken into accounts for data collection in this census. Subsequently, data on two more types such as deaf-blindness and multiple disability have been derived analysing the multiple alternative options of the questionnaire.

2.20 Foreigner

Except Bangladeshi, the citizens of other countries who were in Bangladesh during the census period.

2.21 Returned Migrant

Household members who have returned to Bangladesh permanently from abroad in the last two years before the census period.

2.22 Working Status

(a) Employed: During the census period, the persons aged 5 years and above, who are engaged in any work on payment or for profit-making in any household/ enterprise, or worked in own land or in a family farm to produce or sell goods/services, are treated as employed persons. Persons temporarily absent from their job are also considered as employed. Students involved in tuition apart from studies are also counted as employed. Alongside household work, persons involved in any economic activity or engaged in a family farm as unpaid workers are also treated as employed. Moreover, household members engaged in domestic work on payment are also treated as employed.

(b) Household Work: Household members engaged in cooking or various types of domestic works in their own household during the census period were considered as Household Work.

(c) Looking for work: Despite having eligibility and ability, persons who did not engage themselves in work although they looked for job and were also ready to work.

(d) Do not work: During the census period, persons who were not engaged in any work or were unable to work (like children, elderly people), or were not willing to work despite having ability.

২.২৩ যুব জনগোষ্ঠী

১৫-২৪ বছর বয়সী জনগোষ্ঠীকে যুব জনগোষ্ঠী হিসেবে গণ্য করা হয়েছে।

২.২৪ কর্মক্ষম জনগোষ্ঠী

১৫-৬৪ বছর বয়সী জনগোষ্ঠীকে কর্মক্ষম হিসেবে বিবেচনা করা হয়েছে।

২.২৫ নিজস্ব ব্যবহারের মোবাইল ফোন

যদি খানার ৫ বছর ও তদূর্ধ্ব বয়সী কোনো ব্যক্তির নিকট অন্তত একটি সিমকার্ড সংযোগসহ সচল মোবাইল ফোন থাকে এবং তিনি শুমারিকালের পূর্ববর্তী ৩ মাসে কমপক্ষে একবার ফোনটি ব্যবহার করে থাকেন, তবে ঐ ব্যক্তির নিজস্ব মোবাইল ফোন আছে হিসেবে বিবেচনা করা হয়েছে। মোবাইল ফোনটি নিজের বা কারও কাছ থেকে উপহার হিসেবে বা অফিস থেকে ব্যবহারের জন্যও পেতে পারেন, মোবাইল ফোনের সিমকার্ড নিজের বা অন্য যে কারও নামে রেজিস্ট্রেশন থাকতে পারে, মোবাইল ফোনের সিমকার্ড প্রি-পেইড বা পোস্ট পেইড যে কোনো প্রকারের হতে পারে। উল্লেখ্য, একটি মোবাইল ফোনের ব্যবহারকারী একাধিক ব্যক্তি হলেও বেশিরভাগ সময় যিনি ব্যবহার করেন, শুধু তার ক্ষেত্রে নিজস্ব ব্যবহারের মোবাইল ফোন আছে হিসেবে বিবেচনা করা হয়েছে।

২.২৬ ইন্টারনেট ব্যবহারকারী

খানার ৫ বছর ও তদূর্ধ্ব বয়সী কোনো ব্যক্তি শুমারিকালের পূর্ববর্তী ৩ (তিন) মাসে অন্তত একবার ইন্টারনেট ব্যবহার করে থাকেন তাহলে ঐ ব্যক্তিকে ইন্টারনেট ব্যবহারকারী হিসেবে গণ্য করা হয়েছে। উল্লেখ্য, যদি কোনো ব্যক্তির নিজস্ব স্মার্ট ফোন না থাকে, কিন্তু অন্য কারও মোবাইল, ট্যাবলেট, ল্যাপটপ, কম্পিউটার, সাইবার ক্যাফে বা অন্য যেকোনো স্মার্ট ডিভাইস এর মাধ্যমে ইন্টারনেট ব্যবহার করে থাকেন, তবে তিনিও ইন্টারনেট ব্যবহারকারী হিসেবে গণ্য হয়েছেন।

২.২৭ ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠানে হিসাবধারী ব্যক্তি

খানার ১৫ বছর ও তদূর্ধ্ব বয়সী সদস্যের একক বা যৌথভাবে ব্যাংক/বিমা/ক্ষুদ্রঋণ/ডাকঘর বা কোনো আর্থিক প্রতিষ্ঠানে অ্যাকাউন্ট থাকলে এবং শুমারিকালের পূর্ববর্তী ১২ মাসে উক্ত অ্যাকাউন্টের মাধ্যমে কোনো না কোনো আর্থিক লেনদেন সম্পন্ন হয়ে থাকলে হিসাবধারী হিসেবে বিবেচনা করা হয়েছে।

2.23 Youth Population

Population aged 15-24 years are considered as the youth population.

2.24 Working Age Population

Population aged 15-64 years are considered as working age population.

2.25 Mobile Phone for Own Use

A person aged 5 years and above, having at least a mobile phone with an active SIM card in his/her collection and he/she used it at least once in the last three months before the census, is considered as having an own mobile phone for own use. In this case, one can have his own phone or can have it as a gift from someone or can receive it from his/her employer; the SIM card can be registered in his/her name or someone else's name, and it can be prepaid or post-paid. It is to be noted that, in case of more than one user of a mobile phone, the person who mostly use it, has been considered as the person having a mobile phone for his/her own use.

2.26 Internet Users

A person aged 5 years and above is considered as an internet user if he/she used the internet at least once in the last 3 (three) months before the census period. It is to be noted that, if a person did not have his/her own smart phone, but used else one's mobile, tablet, laptop, computer, or cyber cafe, or any other smart device to use the internet, is considered as an internet user.

2.27 Person having Account at Bank or Other Financial Institution

The population aged 15 years and above, having a single or joint account with a Bank/Insurance/ Micro-credit/Post office or in any other financial institution, with at least one financial transaction in 12 months before the census period, is considered as the population having bank account.

২.২৮ মোবাইল ব্যাংকিং হিসাব আছে এমন ব্যক্তি

খানার ১৫ বছর ও তদূর্ধ্ব বয়সী সদস্যের মোবাইল ব্যাংকিং অ্যাকাউন্ট যেমন: বিকাশ, নগদ, রকেট ইত্যাদি থাকলে এবং শুমারিকালের পূর্ববর্তী ১২ মাসে উক্ত অ্যাকাউন্টের মাধ্যমে অন্তত একটি আর্থিক লেনদেন সম্পন্ন হয়ে থাকলে মোবাইল ব্যাংকিং অ্যাকাউন্ট আছে হিসেবে বিবেচনা করা হয়েছে।

২.২৯ প্রশিক্ষণে নিয়োজিত জনগোষ্ঠী

শুমারিকালে খানার ৫ বছর ও তদূর্ধ্ব বয়সী সদস্য কোনো ধরনের আয়মূলক বা প্রযুক্তিগত কাজে দক্ষতা অর্জনের লক্ষ্যে প্রশিক্ষণে নিয়োজিত ছিলেন, তাদেরকে প্রশিক্ষণে নিয়োজিত জনগোষ্ঠী হিসেবে বিবেচনা করা হয়েছে।

২.৩০ রেমিটেন্স গ্রহণকারী খানা

শুমারিকালের পূর্ববর্তী ২ বছরের মধ্যে বিদেশ থেকে কোনো অর্থ বা পণ্য গ্রহণকারী খানা।

২.৩১ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক 'ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন, ২০১০' এর তফসিলভুক্ত বর্ণিত জনগোষ্ঠী।

2.28 Person having Mobile Banking Account

The population aged 15 years and above, having mobile banking account such as bKash, Nagad, Rocket, etc. with at least one financial transaction in 12 months before the census period, is considered as the population having mobile banking account.

2.29 Population Engaged in Training

The Population aged 5 years and above, engaged in any training related to income generation or technological skill development during the census period, is treated as the population engaged in training.

2.30 Remittance Recipient Household

Households received any type of remittance in cash or kind from abroad in the last two years before the census.

2.31 Ethnic Population

The population group enlisted in the *"Khudra Nri-goshthi Sangskritik Pratisthan Ain, 2010"* by the Ministry of Cultural Affairs are considered as Ethnic Population.

Formulas:

Singulate Mean Age at Marriage (SMAM)

The Singulate Mean Age at Marriage (SMAM) is an estimate of the average number of years lived by a cohort of women or men before their first marriage. The SMAM is derived from the proportion of single persons of each sex in successive age groups. SMAM is calculated from the proportions of never-married by age and gender. The basic assumption involved in the calculation is that the change in the proportions of never-married from age x to age x+1 is a measure of the proportion of a birth cohort who married at the age of x+1.

Steps for calculation are as follows:

Step 1: Calculate the number of years of single life between age 15-49 denoted by A
where, $A = \Sigma P(x) \times 5$ （x refers to age groups from 15-19 to 45-49）

Step 2: Calculate the number of years of single life between age 0-49 denoted by B
where, $B = A + 1500$ （15 years x 100 persons = 1500 years）

Step 3: Estimate the proportion of never-married Persons by age 50 denoted by C
where, $C = (P(45\text{-}49) + P(50\text{-}54)) \div 2$

Step 4: Estimate the number of years of single life of never-married persons by age 50 denoted by D where, $D = C \times 50$

Step 5: Calculate the number of years of single life of persons married before age 50 denoted by E
where, $E = B - D$

Step 6: Calculate the proportion of married person at age 50 denoted by F
where, $F = 100 - C$

Step 7: Calculate Singulate mean age at marriage (SMAM) denoted by G
where $G = E \div F$

Population Growth Rate (Exponential)

The annual population growth rate has been computed using the annual exponential formula: $P_n = p_0 \times e^{rt}$

Where, p_0 = Initial population
p_n = Current population
r = Exponential rate of growth
t = time betwen two consecutive censuses
e = Constant ≈ 2.71828

Population Growth Rate (Exponential), $r = 1/t*\ln(P_n/P_0)*100$, where t = 11.25

অধ্যায় ৩
Chapter 3

অধ্যায় ৩: মুন্সীগঞ্জ জেলার শুমারির ফলাফল
Chapter 3: Census Results of Munshiganj District

জনশুমারি ও গৃহগণনা ২০২২ দেশের প্রথম পূর্ণাঙ্গ ডিজিটাল শুমারি। এটি ডিজিটাল শুমারি হলেও এ ক্ষেত্রে প্রচলিত জনশুমারি'র সকল মৌলিক উদ্দেশ্য ও বৈশিষ্ট্য অক্ষুণ্ন রাখা হয়েছে। মুন্সীগঞ্জ জেলায় শুমারিতে সংগৃহীত তথ্য-উপাত্ত প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণপূর্বক বিভিন্ন বিষয়ভিত্তিক সেকশনের মাধ্যমে এ অধ্যায়ে উপস্থাপন করা হয়েছে। অধ্যায়টিকে দু'টি প্রধান অংশে বিভক্ত করা হয়েছে। যথা- জনমিতিক বৈশিষ্ট্য এবং খানা ও বাসগৃহ।

The Population and Housing Census 2022 is the maiden complete digital census of Bangladesh. Although it is the digital census, the fundamental objectives and characteristics of the usual population census remain unchanged. The data collected in the census in Munshiganj district are presented in this chapter after a series of processing and analysis. The chapter is divided into two main parts. Namely- demographic characteristics and household and dwelling.

৩.১ জনমিতিক বৈশিষ্ট্য

জনশুমারি ও গৃহগণনা ২০২২ এ সংগৃহীত জনমিতিক বৈশিষ্ট্য সম্পর্কিত উপাত্ত অধ্যায়ের এ অংশে উপস্থাপন করা হয়েছে। এখানে জেলার গণনাকৃত মোট জনসংখ্যা, পল্লি ও শহরভিত্তিক জনসংখ্যা, লিঙ্গভিত্তিক জনসংখ্যা, জনসংখ্যা বৃদ্ধির হার, জনসংখ্যার ঘনত্ব, লিঙ্গানুপাত, শিশু ও নারী অনুপাত, নির্ভরশীলতার অনুপাত, বৈবাহিক অবস্থা, ধর্মভিত্তিক জনসংখ্যা, প্রতিবন্ধিতা, শিক্ষা, কাজের মর্যাদা, মোবাইল ফোন ও ইন্টারনেট ব্যবহার, আর্থিক অন্তর্ভুক্তি, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং স্বদেশ প্রত্যাবর্তনকারী প্রবাসী সংক্রান্ত উপাত্ত উপজেলাভিত্তিক প্রদান করা হয়েছে।

3.1 Demographic Characteristics

Data on demographic characteristics, collected in Population and Housing Census 2022 are presented here. Important demographic information of the district like total enumerated population, population by rural and urban, population by sex, population growth rate, population density, sex ratio, child-woman ratio, dependency ratio, marital status, population by religion, disability, education, working status, mobile phone and internet use, financial inclusion, ethnicity and returned migrant are exhibited by upazila in this part of the chapter.

৩.২ খানা ও বাসগৃহ

জনশুমারি ও গৃহগণনা ২০২২ এ সংগৃহীত খানা ও বাসগৃহ সম্পর্কিত উপাত্ত অধ্যায়ের এ অংশে উপস্থাপন করা হয়েছে। এখানে খানা ও বাসগৃহের সংখ্যার পাশাপাশি খানার প্রকারভেদ, বাসগৃহের কাঠামো ও মালিকানা, খানায় বিদ্যমান সুবিধাসমূহ, প্রবাস আয় এবং খানার আকার সংক্রান্ত তথ্য-উপাত্ত বিভিন্ন আঙ্গিকে উপস্থাপন করা হয়েছে।

3.2 Household and Dwelling

Data on Household and Dwelling, collected in the Population and Housing Census 2022 are presented here. The figures for household and dwelling, along with the type of household, dwelling structure and ownership, household facilities, foreign remittance and household size are provided in this part of the chapter in various dimensions.

জনমিতিক বৈশিষ্ট্য

Demographic Characteristics

৩.১ জনমিতিক বৈশিষ্ট্য
3.1 Demographic Characteristics

৩.১.১ জনসংখ্যা ও বৃদ্ধির হার

এ সেকশনে জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর ফলাফল অনুযায়ী মুন্সীগঞ্জ জেলার মোট গণনাকৃত জনসংখ্যা, জনসংখ্যা বৃদ্ধির হার এবং লিঙ্গভেদে পুরুষ, নারী ও হিজড়া জনগোষ্ঠী সংক্রান্ত উপাত্ত উপস্থাপন করা হয়েছে। অধিকন্তু সাধারণ, প্রাতিষ্ঠানিক ও অন্যান্য খানায় বসবাসরত জনগোষ্ঠীর পাশাপাশি ভাসমান জনগোষ্ঠী ও বস্তিতে বসবাসকারীদের উপাত্তও বিভিন্ন সারণি ও লেখচিত্রের মাধ্যমে এ সেকশনে প্রদান করা হয়েছে।

3.1.1 Population and Growth Rate

The findings of the Population and Housing Census 2022 such as the total enumerated population and growth rate of Munshiganj district are explained in this section. Sex disaggregated data by male, female and hijra are also provided here. Along with the floating and the slum, data on the population living in general, institutional and other households are described in this section through various tables and graphs.


Table 3.1.1 Enumerated Population by Location, 1981-2022

Location	2022		2011		2001		1991		1981	
	Number	Percent	Number	Percent	Number	Percent	Number	Percent	Number	Percent
1	2	3	4	5	6	7	8	9	10	11
Munshiganj	**1625416**	**100.00**	**1445660**	**100.00**	**1293972**	**100.00**	**1188387**	**100.00**	**1065573**	**100.00**
Rural	1331380	81.91	1259554	87.13	1145620	88.54	1078616	90.76	1014058	95.17
Urban	294036	18.09	186106	12.87	148352	11.46	109771	9.24	51515	4.83

সারণি ৩.১.১ এ ১৯৮১ থেকে ২০২২ সাল পর্যন্ত সময়ে অনুষ্ঠিত পাঁচটি শুমারি অনুযায়ী মুন্সীগঞ্জ জেলার মোট গণনাকৃত জনসংখ্যা পল্লি ও শহর বিভাজনে উপস্থাপন করা হয়েছে। প্রদত্ত উপাত্ত বিশ্লেষণে দেখা যায়, ২০২২ সালে জেলার মোট গণনাকৃত জনসংখ্যা ১৬,২৫,৪১৬জন যা ২০১১ সালে ছিল ১৪,৪৫,৬৬০জন। জনশুমারি ও গৃহগণনা ২০২২ অনুযায়ী জেলার পল্লি ও শহর এলাকায় বসবাসকারী জনসংখ্যার হার যথাক্রমে ৮১.৯১% ও ১৮.০৯%। এ হার ২০১১ সালে ছিল পল্লিতে ৮৭.১৩% এবং শহরে ১২.৮৭%। সারণিতে উপস্থাপিত বিভিন্ন শুমারির উপাত্ত বিশ্লেষণে দেখা যায়, ১৯৮১ সালে জেলার শহর এলাকায় বসবাসকারী জনসংখ্যার হার ছিল ৪.৮৩% যা ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়ে ২০২২ সালে দাঁড়িয়েছে ১৮.০৯%। উল্লেখ্য, দেশে সার্বিকভাবে শহর এলাকায় বসবাসকারী জনসংখ্যার হার ৩১.৬৬%।

Table 3.1.1 depicts the total enumerated population of Munshiganj district by location, recorded in the last five censuses from 1981 to 2022. The data explains that the total enumerated population of the district is 16,25,416 in the census, 2022 which was 14,45,660 in 2011. According to the population and housing census 2022, the rates of population living in the rural and urban areas are 81.91% and 18.09% respectively. The rates were 87.13% in the rural areas and 12.87% in the urban areas in 2011. The analysis also shows that the rate of urban population in the district was 4.83% in 1981, which has gradually been increased to 18.09% in 2022. Notably, the overall rate of urban population is 31.66% in the country.

Figure 3.1.1 Enumerated Population, 1981-2022



লেখচিত্র ৩.১.১ এ ১৯৮১ থেকে ২০২২ সাল পর্যন্ত অনুষ্ঠিত পাঁচটি শুমারি অনুযায়ী জেলার মোট গণনাকৃত জনসংখ্যা দেখানো হয়েছে। প্রদত্ত লেখচিত্রে জেলার জনসংখ্যার ঊর্ধ্বগতি দৃশ্যমান। ১৯৮১ সালে জেলায় মোট জনসংখ্যা ছিল ১১৮৮.৩৯ হাজার যা ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়ে ২০২২ সালে হয় ১৬২৫.৪২ হাজার।

Figure 3.1.1 shows the total enumerated population of the district, recorded in the last five censuses from 1981 to 2022. The increasing trend of the population over the period is clearly visible from the figure. The total population was 1188.39 thousand in 1981, which has gradually been increased to 1625.42 thousand in 2022.


Table 3.1.2 Population by Sex and Location, 2022

Location	Number				Percent			
	Total	Male	Female	Hijra	Total	Male	Female	Hijra
1	2	3	4	5	6	7	8	9
Munshiganj	**1625416**	**788506**	**836848**	**62**	**100.00**	**48.51**	**51.49**	**0.004**
Rural	1331380	642463	688863	54	81.91	48.26	51.74	0.004
Urban	294036	146043	147985	8	18.09	49.67	50.33	0.003

সারণি ৩.১.২ এ জেলার মোট গণনাকৃত জনসংখ্যার উপাত্ত লিঙ্গভেদে পল্লি ও শহর এলাকাভিত্তিক উপস্থাপন করা হয়েছে। প্রদত্ত উপাত্ত হতে দেখা যায়, মোট জনসংখ্যার ৪৮.৫১% পুরুষ এবং ৫১.৪৯% নারী। উপাত্ত বিশ্লেষণে আরও দেখা যায়, জেলার পল্লি ও শহর এলাকায় বসবাসকারী জনসংখ্যার হার যথাক্রমে ৮১.৯১% ও ১৮.০৯%।

Table 3.1.2 presents the data on the enumerated population of the district by location with sex disaggregation. It is found from the data that out of the total population, male is 48.51% and female, 51.49%. It is also observed that the rates of the population living in the rural and urban areas are 81.91% and 18.09% respectively.

Figure 3.1.2 Population by Sex, 2022



লেখচিত্র ৩.১.২ এ দেখা যায়, জেলার মোট জনসংখ্যার ৪৮.৫১% পুরুষ এবং ৫১.৪৯% নারী।

Figure 3.1.2 depicts that out of the total population of the district, the percentage of male is 48.51 and female, 51.49.

Table 3.1.3 Population by Type of Dwelling, Sex and Upazila, 2022

Upazila	Total Population			Population Excluding Slum and Floating			Slum Population			Floating Population		
	Total	Male	Female	Total	Male	Female	Total	Male	Female	Total	Male	Female
1	2	3	4	5	6	7	8	9	10	11	12	13
Number												
Munshiganj	**1625354**	**788506**	**836848**	**1623272**	**787427**	**835845**	**1880**	**916**	**964**	**202**	**163**	**39**
Rural	1331326	642463	688863	1329719	641619	688100	1434	695	739	173	149	24
Urban	294028	146043	147985	293553	145808	147745	446	221	225	29	14	15
Gazaria	185257	92930	92327	184737	92674	92063	520	256	264	0	0	0
Louhajang	177800	85939	91861	177767	85910	91857	0	0	0	33	29	4
Munshiganj Sadar	436007	214556	221451	435221	214166	221055	756	375	381	30	15	15
Sirajdikhan	316435	151780	164655	316383	151738	164645	0	0	0	52	42	10
Sreenagar	293901	140280	153621	293826	140210	153616	0	0	0	75	70	5
Tongibari	215954	103021	112933	215338	102729	112609	604	285	319	12	7	5
Percent												
Munshiganj	**100.00**	**48.51**	**51.49**	**100.00**	**48.51**	**51.49**	**100.00**	**48.72**	**51.28**	**100.00**	**80.69**	**19.31**
Rural	100.00	48.26	51.74	100.00	48.25	51.75	100.00	48.47	51.53	100.00	86.13	13.87
Urban	100.00	49.67	50.33	100.00	49.67	50.33	100.00	49.55	50.45	100.00	48.28	51.72
Gazaria	100.00	50.16	49.84	100.00	50.17	49.83	100.00	49.23	50.77	0.00	0.00	0.00
Louhaganj	100.00	48.33	51.67	100.00	48.33	51.67	0.00	0.00	0.00	100.00	87.88	12.12
Munshiganj Sadar	100.00	49.21	50.79	100.00	49.21	50.79	100.00	49.60	50.40	100.00	50.00	50.00
Sirajdikhan	100.00	47.97	52.03	100.00	47.96	52.04	0.00	0.00	0.00	100.00	80.77	19.23
Sreenagar	100.00	47.73	52.27	100.00	47.72	52.28	0.00	0.00	0.00	100.00	93.33	6.67
Tongibari	100.00	47.71	52.29	100.00	47.71	52.29	100.00	47.19	52.81	100.00	58.33	41.67

সারণি ৩.১.৩ এ লিঙ্গভেদে মোট গণনাকৃত জনসংখ্যার পাশাপাশি বস্তিতে বসবাসকারী ও ভাসমান জনসংখ্যার হিসাব উল্লেখ করা হয়েছে। উপাত্ত বিশ্লেষণে দেখা যায়, জেলার মোট জনসংখ্যা ১৬,২৫,৩৫৪জন (হিজড়া ব্যতীত)। এর মধ্যে পুরুষ ৭,৮৮,৫০৬জন ও নারী ৮,৩৬,৮৪৮জন। বস্তিতে বসবাসকারী মোট জনসংখ্যা ১,৮৮০জন এবং ভাসমান জনসংখ্যা মোট ২০২জন। উপজেলাভিত্তিক উপাত্ত পর্যালোচনায় দেখা যায়, মুন্সীগঞ্জ সদরে সর্বাধিক লোক বসবাস করে, ৪,৩৬,০০৭জন। পক্ষান্তরে লৌহজং-এ সবচেয়ে কম লোক বসবাস করে, ১,৭৭,৮০০জন।

Table 3.1.3 illustrates the figures on slum and floating population along with the enumerated population by sex. The data explains that the total enumerated population of the district is 16,25,354 (Except Hijra), with male 7,88,506 and female, 8,36,848. The total population living in the slum areas is 1880 and the total population counted as floating is 202. Analysing the figures by upazila, it is evident that the highest number of population, 4,36,007 lives in Munshiganj Sadar while the lowest, 1,77,800 in Louhaganj.

Table 3.1.4 Population by Type of Household and Upazila, 2022

Upazila	Number				Percent			
	Total (Except Floating)	General	Institutional	Others	Total	General	Institutional	Others
1	2	3	4	5	6	7	8	9
Munshiganj	**1625214**	**1563778**	**39194**	**22242**	**100.00**	**96.22**	**2.41**	**1.37**
Rural	1331207	1285941	30575	14691	100.00	96.60	2.30	1.10
Urban	294007	277837	8619	7551	100.00	94.50	2.93	2.57
Gazaria	185259	175861	4726	4672	100.00	94.93	2.55	2.52
Louhajang	177769	171256	4327	2186	100.00	96.34	2.43	1.23
Munshiganj Sadar	435988	417880	9662	8446	100.00	95.85	2.22	1.94
Sirajdikhan	316421	305545	7415	3461	100.00	96.56	2.34	1.09
Sreenagar	293830	286464	5662	1704	100.00	97.49	1.93	0.58
Tongibari	215947	206772	7402	1773	100.00	95.75	3.43	0.82

সারণি ৩.১.৪ এ খানার ধরন অনুযায়ী জনসংখ্যা (ভাসমান ব্যতীত) ও শতকরা হার দেখানো হয়েছে। প্রদত্ত উপাত্ত থেকে দেখা যায়, জেলায় সাধারণ খানায় বসবাসকারী জনসংখ্যার হার ৯৬.২২%, প্রাতিষ্ঠানিক খানায় ২.৪১% এবং অন্যান্য খানায় ১.৩৭%। উপজেলাভিত্তিক উপাত্ত বিশ্লেষণে দেখা যায়, সাধারণ, প্রাতিষ্ঠানিক ও অন্যান্য খানায় বসবাসকারী জনসংখ্যার শতকরা হার জেলার সকল উপজেলায় প্রায় একই ধরনের।

Table 3.1.4 illustrates the figures of population (Except Floating) by type of households. It is found from the data that the percentage of the population living in general households is 96.22, institutional households, 2.41 and other households, 1.37. Analysing the data by upazila, the percentages of the population living in general, institutional and other households are almost similar in all upazila of the district.

Table 3.1.5 Head of General Household by Sex and Upazila, 2022

Upazila	Number			Percent		
	Total	Male	Female	Total	Male	Female
1	2	3	4	5	6	7
Munshiganj	**392960**	**294697**	**98263**	**100.00**	**74.99**	**25.01**
Rural	322866	240192	82674	100.00	74.39	25.61
Urban	70094	54505	15589	100.00	77.76	22.24
Gazaria	43515	34391	9124	100.00	79.03	20.97
Louhajang	42970	32516	10454	100.00	75.67	24.33
Munshiganj Sadar	104919	80367	24552	100.00	76.60	23.40
Sirajdikhan	76973	55370	21603	100.00	71.93	28.07
Sreenagar	72303	52853	19450	100.00	73.10	26.90
Tongibari	52280	39200	13080	100.00	74.98	25.02

সারণি ৩.১.৫ এ উপজেলাভেদে সাধারণ খানার খানাপ্রধান সংক্রান্ত উপাত্ত প্রদান করা হয়েছে। বর্ণিত উপাত্ত বিশ্লেষণে দেখা যায়, জেলার মোট সাধারণ খানার ৭৪.৯৯% পুরুষ প্রধান খানা এবং ২৫.০১% নারী প্রধান খানা। উল্লেখ্য, জাতীয় পর্যায়ে পুরুষ প্রধান খানা ৮২.১০% এবং নারী প্রধান খানা ১৭.৯০%। জেলার পল্লি এলাকার ক্ষেত্রে পুরুষ ও নারী প্রধান খানার হার যথাক্রমে ৭৪.৩৯% ও ২৫.৬১%। একইভাবে শহর এলাকার ক্ষেত্রে এ হার যথাক্রমে ৭৭.৭৬% ও ২২.২৪%।

Table 3.1.5 represents data on the head of the general household by upazila. It is observed from the table that the figures of male and female headed household are 74.99% and 25.01% respectively in the district. It is to be noted, at the national level, male headed household is 82.10% and female headed, 17.90%. In the rural areas of the district, male headed household is 74.39% and female headed, 25.61%. On the other hand, in the urban areas, the percentages of male and female headed households are found 77.76 and 22.24 respectively.


Table 3.1.6 Average Annual Growth Rate of Enumerated Population by Sex and Upazila, 2022

Upazila	Total	Male	Female
1	2	3	4
Munshiganj	**1.04**	**0.79**	**1.29**
Rural	0.49	0.23	0.75
Urban	4.07	3.79	4.35
Sreenagar	1.09	0.86	1.31
Sirajdikhan	0.83	0.49	1.16
Louhajang	0.98	0.72	1.23
Munshiganj Sadar	1.15	0.87	1.42
Tongibari	0.81	0.43	1.17
Gazaria	1.42	1.47	1.36

সারণি ৩.১.৬ এ জনসংখ্যা বৃদ্ধির হার সংক্রান্ত উপাত্ত উপস্থাপন করা হয়েছে। উপাত্ত বিশ্লেষণে দেখা যায়, জনশুমারি ও গৃহগণনা ২০২২ অনুযায়ী জেলার গড় বার্ষিক জনসংখ্যা বৃদ্ধির হার ১.০৪%; এ হার জাতীয় পর্যায়ে ১.২২%। লিঙ্গভিত্তিক বিভাজনে দেখা যায়, পুরুষ ও নারীর ক্ষেত্রে এ হার যথাক্রমে ০.৭৯% ও ১.২৯% অর্থাৎ জনসংখ্যা বৃদ্ধির হার পুরুষের তুলনায় নারীর ক্ষেত্রে কিছুটা বেশি। পল্লি ও শহর এলাকাভেদে এ হার যথাক্রমে ০.৪৯% ও ৪.০৭% অর্থাৎ জেলায় পল্লি এলাকার তুলনায় শহর এলাকায় জনসংখ্যা বৃদ্ধির হার উল্লেখযোগ্যভাবে বেশি।

